৬/৮/২০০৩

দৈনিক [illegible]

তারিখ ........
পৃষ্ঠা ৭ কলাম ২

# লক্ষ্মীপুরে ৫ বছরে ফ্যাসিলিটিজ বিভাগের ৪৩০টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন

লক্ষ্মীপুর সংবাদদাতা ।। ফ্যাসিলিটিজ বিভাগ গত ৫ বছরে লক্ষ্মীপুর জেলায় ৪৩০টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজ করে। এই জন্য ব্যয় হইয়াছে ১৮ কোটি ৮৭ লক্ষ ৫ হাজার টাকা। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে রহিয়াছে সরকারী কলেজ, বেসরকারী কলেজ, সরকারী উচ্চ বিদ্যালয়, বেসরকারী উচ্চ বিদ্যালয়, ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট মাদ্রাসা ও সরকারী প্রাথমিক বিদ্যালয়। লক্ষ্মীপুর সদর উপজেলায় ১০ কোটি ৮৩ লক্ষ ৯৫ হাজার টাকা ব্যয়ে ২৩৯টি, রায়পুর উপজেলায় ৪ কোটি ৩৩ লক্ষ ৩৩ হাজার টাকা ব্যয়ে ৫২টি, রামগঞ্জ উপজেলায় ২ কোটি ৫০ লক্ষ ২ হাজার টাকা ব্যয়ে ১০৬টি এবং রামগতি উপজেলায় ১ কোটি ১৯ লক্ষ ৭৫ হাজার টাকা ব্যয়ে ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করা হয়। ইহার মধ্যে রহিয়াছে বিদ্যালয় ভবন নির্মাণ, পুন:নিমাণ, আসবাবপত্র সরবরাহ এবং ল্যাট্রিন নির্মাণ কাজ।